দৈনিক আমাদের সময়

তারিখ 09 OCT 2017 পৃষ্ঠা ১ কলাম

# সরকারি হাইস্কুলের শিক্ষকদের সংযুক্তি ও প্রেষণ বাতিল

এম এইচ রবিন ●

রাজধানীর সরকারি স্কুলগুলোয় নির্ধারিত পদের চেয়ে অতিরিক্ত (সংযুক্ত) শিক্ষকদের ঢাকার বাইরে পদায়ন করা হচ্ছে। সরকারি হাইস্কুলের শিক্ষকদের, সংযুক্তি ও প্রেষণ বাতিল করেছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি)।

জানা গেছে, সারা দেশের সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক সংকট প্রকট থাকলেও কিছু শিক্ষক ক্ষমতার প্রভাব খাটিয়ে ও অর্থের বিনিময়ে বছরের পর বছর রাজধানীসহ গুরুত্বপূর্ণ শহরে সংযুক্ত থাকছেন। তাদের অধিকাংশই কোনো সরকারি কর্মকর্তার বা রাজনৈতিক নেতার নিকটাত্মীয় কিংবা সরকারি দলের অনুসারী। অনেকে প্রভাবশালীদের লবিংয়ের মাধ্যমে সংযুক্তি নিয়ে ঢাকায় দীর্ঘদিন রয়েছেন বলে জানিয়েছেন মাউশির কর্মকর্তারা।

এ ধরনের ঘটনা দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছে উল্লেখ করে দুর্নীতি দমন কমিশন এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

## সরকারি হাইস্কুলের

(প্রথম পৃষ্ঠার পর) (দুদক) থেকে মন্ত্রিপরিষদ বিভাগকে আধাসরকারি পত্র দেওয়া হয়। এর পর প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে নির্দেশনা পাঠানো হয়।

শিক্ষা মন্ত্রণালয় গত ২৫ আগস্ট সরকারি হাইস্কুলের শিক্ষকদের সংযুক্তি বাতিল করতে মাউশিকে নির্দেশ দেয়। এর ভিত্তিতেই মাউশি সংযুক্তি ও প্রেষণ বাতিলের নোটিশ ইস্যু করে।

মাউশির সহকারী পরিচালক (মাধ্যমিক-১) সাখায়েত হোসেন বিশ্বাস স্বাক্ষরিত ওই নোটিশে উল্লেখ করা হয়, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর/আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়ের আদেশে যেসব সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক/শিক্ষিকা সংযুক্ত/প্রেষণে কর্মরত আছেন, তাদের সংযুক্ত/প্রেষণের আদেশ বাতিল করা হলো। তবে নবপ্রতিষ্ঠিত সিলেটের লাক্কাতুর, খুলনার কেডিএ, খানজাহান আলী, বরিশালের শহীদ আরজুমনি ও শহীদ আব্দুর রব সেরনিয়াবত সরকারি মাধ্যমিক বিদ্যালয় এ আদেশের অন্তর্ভুক্ত হবে না।

এ ছাড়া শিক্ষা মন্ত্রণালয় বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের সংযুক্তি বাতিল করতে যাচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। শিক্ষা অধিদফতরে ওএসডি এবং সংযুক্তিতে আছেন শিক্ষা ক্যাডারের ৭ থেকে ৮ শতাধিক কর্মকর্তা। তারা রাজধানী ও এর আশপাশের এলাকায় কলেজ ও মাউশির বিভিন্ন উইং এবং বিভিন্ন প্রকল্পে কর্মরত রয়েছেন। শিগগির এসব ওএসডি সংযুক্ত থাকা কলেজ শিক্ষকদের রাজধানী ছাড়তে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের এক জ্যেষ্ঠ কর্মকর্তা আমাদের সময়কে জানান, বিসিএস শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের প্রায় সবাই ঢাকায় থাকতে চান। ঢাকার সরকারি কলেজে পদ শূন্য না থাকলেও সরকারের উচ্চ পর্যায়ের ব্যক্তিদের মাধ্যমে তদবির করে সংযুক্ত থাকছেন বছরের পর বছর। তাতে ব্যর্থ হলে মাউশিসহ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন প্রকল্পে প্রেষণে পদায়ন নিয়ে ঢাকায় থাকছেন। অথচ জেলা-উপজেলা পর্যায়ের কলেজে অসংখ্য পদ শূন্য রয়েছে।

মন্ত্রিপরিষদের নির্দেশনা অনুযায়ী এসব শিক্ষকের সংযুক্তি ও প্রেষণ বাতিল করার কাজ চলছে। যে কোনো দিন এ সংক্রান্ত নির্দেশনা জারি হবে।

মাউশির এক কর্মকর্তা জানান, রাজধানী ঢাকাসহ বিভাগীয় শহরের বড় কলেজগুলোয় সংযুক্ত থাকা শিক্ষকের তালিকা একটি ছক আকারে চাওয়া হয়েছে। সব সংযুক্ত শিক্ষকের তথ্য মন্ত্রণালয়ের কাছে পাঠানো হবে। এর পর মন্ত্রণালয় এ ব্যাপারে সিদ্ধান্ত নেবে।

এ বিষয়ে মাউশির মহাপরিচালক অধ্যাপক ড. এস এম ওয়াহিদুজ্জামান বলেন, সরকারি হাইস্কুলের সংযুক্তি বাতিলের বিষয়টি চূড়ান্ত করা হয়েছে। অন্যদিকে শিক্ষা ক্যাডারের ব্যাপারে কাজ চলছে। নির্দেশনা যেহেতু এসেছে, সে ব্যাপারেও ব্যবস্থা নিতে হবে।

তিনি জানান, এসব সংযুক্ত শিক্ষককে আমরা পদায়ন বা সংযুক্তি কোনোটিই করিনি। কারণ সরকারি কলেজে এমনিতেই শিক্ষক-সংকট বেশ প্রকট। এর মধ্যে এত সংখ্যক শিক্ষক ওএসডি হয়ে ঢাকা মহানগরীতে থাকলে মফস্বল এলাকায় শিক্ষার ব্যাঘাত ঘটে। সংযুক্তি বাতিল করে সংশ্লিষ্ট কলেজে পাঠালে শিক্ষক সংকট কিছুটা কমবে।